# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ আল-ফিকহুল আকবারের বঙ্গানুবাদ ও ব্যাখ্যা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ৪. ১. ৫. অশুভ বা অযাত্রায় বিশ্বাস

কোনো বস্তু, সময়, বার, তিথি, দিক, পশুপাখি ইত্যাদির মধ্যে কোনো অশুভ বা অযাত্রা আছে বলে বিশ্বাস করা শিরক। রাসূলুল্লাহ (ﷺ) বলেন:

الطِّيَرَةُ شِرْكٌ الطِّيَرَةُ شِرْكٌ الطِّيَرَةُ شِرْكٌ

‘‘অশুভ বা অযাত্রা বিশ্বাস বা নির্ণয়ের চেষ্টা শির্ক, অশুভ বা অযাত্রা বিশ্বাস বা নির্ণয়ের চেষ্টা শির্ক, অশুভ বা অযাত্রা বিশ্বাস বা নির্ণয়ের চেষ্টা শির্ক।[1]

## ফুটনোট

[1] তিরমিযী, আস-সুনান ৪/১৬০ (কিতাবুস সিয়ার, বাবু মা জাআ ফিত তিয়ারাতি); আবূ দাঊদ, আস-সুনান ৪/১৭ (কিতাবুত তিবব, বাবুন ফিত তিয়ারাতি); ইবনু মাজাহ, আস-সুনান ২/১১৭০ (কিতাবুত তিবব, বাবু মান কানা ইউজিবুহুল ফাল...); ইবনু হিব্বান, আস-সহীহ ১৩/৪৯১; হাকিম, আল-মুসতাদরাক ১/৬৪। তিরমিযী, ইবনু হিব্বান, হাকিম হাদীসটিকে সহীহ বলেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7121

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন